

**মৎস্য এবং প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্য বিবরণী :**

সভার তারিখ :- ২৯/০৯/২০২১খ্রিঃ, রোজ বুধবার সকাল ১১.০০টা

সভার স্থান :- উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, পানছড়ি।

সভাপতি :- জনাব চন্দ্র দেব চাকমা, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	ডাঃ মৃদুল কান্তি দে	পক্ষে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি	স্বাক্ষরিত
০২.	কিরন ত্রিপুরা	চেয়ারম্যান, লতিবান ইউপি, পানছড়ি	স্বাক্ষরিত
০৩.	নয়ন রঞ্জন চাকমা	পক্ষে চেয়ারম্যান, ১নং লোগাং ইউনিয়ন, পানছড়ি	স্বাক্ষরিত
০৪.	প্রিয় কান্তি চাকমা	উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি	স্বাক্ষরিত

**মৎস্য বিভাগ**

**১। মৎস্য সম্প্রসারণ কার্যক্রম :**

লক্ষ্যমাত্রা ও অর্জন	সম্প্রসারণ কার্যক্রম (২০২১-২০২২)						
	অফিসে পরামর্শ প্রদান	উপজেলা পরিষদের অর্থানুকূল্যে মাছচাষ প্রদর্শনী খামার পরিচালনা	প্রকল্পের অধীন প্রদর্শনী খামার পরিচালনা	উপজেলা/জেলা পরিষদের অর্থে নার্সারী স্থাপন	প্রশিক্ষণ প্রাপ্ত চাষীর খামার পরিদর্শন	ব্যাংক ঋণ প্রাপ্তিতে চাষীদের সহযোগিতা প্রদান	মৎস্য আইন বাস্তবায়ন/মোবাইল কোর্ট পরিচালনা
	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা
লক্ষ্যমাত্রা	৭৫	০১	১০	০১	৬০	১২	০২
অর্জিত ( প্রতিবেদনামূলক মাসে)	০৬	-	-	-	০৫	-	-
ক্রমপূর্ণিত	১৬	-	-	-	১৫	-	-

**২। মৎস্য খাতে ঋণ কর্মসূচী :**

“মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল” কার্যক্রমের আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। আগস্ট, ২০২১খ্রিঃ মাস পর্যন্ত মোট আদায় হয় ৪.৫৪০৮০ লক্ষ টাকা। আর অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৯৪২০ লক্ষ টাকা। আদায়ের হার ৫৫%।

উপজেলা পরিষদের নিকট সুপারিশ : খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণে সহযোগিতা প্রদানের জন্য উপজেলা প্রশাসনের নিকট সুপারিশ করা হলো।

**৩। করোনা ভাইরাস Covid-19 এর মৎস্য সেক্টরে প্রভাবঃ**

করোনা ভাইরাস Covid-19 এর কারণে মৎস্য সেক্টরে যথেষ্ট প্রভাব পড়েছে। এই সেক্টরের সাথে জড়িত বিশেষ করে মাছ ব্যবসায়ী ও মাছচাষীগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে জানা যায়। মহামারির এ পরিস্থিতিতে মাছ উৎপাদন, পরিবহন এবং উৎপাদিত মাছ বাজারজাতকরণে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মাছচাষীদের সহযোগিতা প্রদান অব্যাহত আছে।

**৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর বাজেট হতে মৎস্য খাতে প্রকল্প প্রস্তাব :**

সাধারণ জনগণকে মাছচাষে উদ্বুদ্ধ করতে এবং অগ্রহী উদ্যোক্তা সৃষ্টি, কারিগরী দক্ষতা বৃদ্ধি আনয়নের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর অর্থায়নে কার্প জাতীয় মাছের মিষ্টিচাষ ও মৎস্য নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা একটি প্রকল্পন দাখিল করেন।

উপজেলা পরিষদের নিকট সুপারিশ : উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর অর্থায়নে “কার্প জাতীয় মাছের মিষ্টিচাষ ও মৎস্য নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ”টি অতিরিক্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হলো।

প্রাণিসম্পদ বিভাগ

ক) সম্প্রসারণ কার্যক্রম :

১। ক) সংক্রামক রোগ প্রতিরোধে গবাদি পশু টিকা প্রদান -	১০৮২৪ টি।
খ) সংক্রামক রোগ প্রতিরোধে মোরাগাদি টিকা প্রদান -	৮৬১৫ টি।
২। ক) সাধারণ রোগ প্রতিরোধে গবাদি পশু চিকিৎসা -	১০০৫টি।
খ) সাধারণ রোগ প্রতিরোধে মোরাগাদি চিকিৎসা -	১০৪২ টি।
৩। ভ্যাকসিনেশন ক্যাম্প -	৪ টি।
৪। উঠান বৈঠক সংখ্যা -	০ টি।
৫। খামার পদিশর্শন -	১২ টি।

খ) প্রশিক্ষণ :

গবাদি রোগ প্রতিরোধ কল্পে এবং প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে খামারীদের ন্যূনতম ০৩ (তিন) দিন গবাদি ও হাঁস-মুরগী পালন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বরাদ্দ প্রয়োজনের আলোচনা উদ্ভাপিত হয়। (প্রশিক্ষণ ব্যয় প্রাক্কলন সংযুক্ত)

উপজেলা পরিষদের নিকট সুপারিশ : উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে “গবাদি ও হাঁস-মুরগী খামারী প্রশিক্ষণ প্রকল্প” বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের নিকট পুনঃরায় সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-  
(চন্দ্র দেব চাকমা)  
উপজেলা প্যানেল চেয়ারম্যান  
ও  
সভাপতি  
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি  
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং : ৩৩.০২.৪৬৭৭.৫০১.৩৪.০০১.২০-২২/২(৬)

তারিখ : ২০/০২/২০২১ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি।
- ৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
- ৪। চেয়ারম্যান, ১নং লোগাং ইউপি এবং সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি, পানছড়ি।
- ৫। চেয়ারম্যান, ৪নং লতিবান ইউপি এবং সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি, পানছড়ি।
- ৬। অফিস কপি।

  
(প্রিয় কান্তি চাকমা)  
উপজেলা মৎস্য কর্মকর্তা  
ও

সদস্য সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি  
পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।